

স্মারক নং- আরপিএল/প্রতিযোগিতা-১/২০০৯/৪০৩

তারিখঃ ০৯/০৫/২০১৭

বিষয় : জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী উপলক্ষে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও পুস্তক প্রদর্শনী।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীতে রচনা, বইপাঠ ও পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় রাজশাহী মহানগর ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী ও সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবেন। আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে এ প্রতিযোগিতায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা গেল।

রচনা প্রতিযোগিতার বিষয়: সাহিত্য ও সংস্কৃতিতে নজরুল (সবার জন্য উন্মুক্ত), শব্দসীমা-১৫০০

বইপাঠ প্রতিযোগিতা: বইপাঠ প্রতিযোগিতার ফরম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী থেকে সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৮.০৫.২০১৭।

পুস্তক প্রদর্শনী: বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর গ্রন্থাগার চত্বরে ০৪ (চার) দিনব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ১৭.০৫.২০১৭ তারিখ থেকে ২০.০৫.২০১৭ তারিখ (প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

- ১। A4 সাইজ সাদা কাগজে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না। রচনা স্বহস্তে লিখতে হবে। প্রতিযোগীদের স্বশিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে ও অন্যান্য প্রতিযোগীকে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি / প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- ২। রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৮/০৫/২০১৭ খ্রি:।
- ৪। বিজয়ীদের মধ্যে যথাসময়ে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।
- ৫। বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী গ্রন্থাগারের হতে হবে।
- ৬। রচনার শব্দসীমার অধিক হলে মূল্যায়নের জন্য বিবেচনাযোগ্য হবে না।

প্রতি : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান

রাজশাহী কলেজ

-(সকল) রাজশাহী মহানগর ও রাজশাহী জেলা।

(মো: আবু সাইদ)

প্রিন্সিপাল/ইন্সপেক্টর-কাম-উপপরিচালক

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার

রাজশাহী।

২০১৭

স্মারক নং-আর পি এল/প্রতিযোগিতা - ১/ ২০০৯ /৪০৩/১(১২০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

তারিখ:- ০৯/০৫/২০১৭খ্রি:

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অফিস কপি।